অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/14/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এবং ব্যবসা ও ইউনিয়নের নেতারা নিউ ইয়র্ক স্টেটের একাধিক বিলিয়ন মার্কিন ডলারের বেকার ইন্স্যুরেন্স ট্রাস্ট ফান্ডের বকেয়া পরিশোধ করে দেওয়া উদযাপন করলেন

গভর্নর এবং নিউ ইয়র্ক স্টেটের আইনসভা FY26-এর বাজেটে ট্রাস্ট ফান্ডের ঋণ পরিশোধ করে দিয়েছেন, যা বেকার নিউ ইয়র্কবাসীর জন্য বেনিফিট বাড়িয়েছে এবং ব্যবসার জন্য খরচ কম করেছে

নিউ ইয়র্কের কর্মশক্তির জন্য বেনিফিট বাড়ানো এবং ব্যবসাগুলির অর্থ বাঁচাতে গভর্নর হোকলের চলমান চেষ্টার ভিত্তিতে হয়েছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ব্যবসা ও ইউনিয়নের নেতাদের সাথে নিয়ে ফেডারেল বেকার ইন্স্যুরেন্স (Unemployment Insurance, UI) ট্রাস্ট ফান্ডের (Trust Fund) প্রায় 7 বিলিয়ন মার্কিন ডলারের ঋণ পরিশোধ করতে স্টেটের পদক্ষেপকে উদযাপন করেছেন, ফান্ডকে সচ্ছল করতে, বেকার নিউ ইয়র্কবাসীদের জন্য বেনিফিট বাড়াতে এবং ব্যবসার খরচ কম করতে এই পদক্ষেপ নেওয়া হয়েছে। গভর্নর ফিসক্যাল ইয়ার (Fiscal Year, FY) 2026-এর পাশ করা বাজেটের অংশ হিসেবে মে মাসে এই পদক্ষেপের ঘোষণা করেন।

"ফেডারেল ট্যারিফ ব্যবসা করার খরচ বাড়িয়ে চলেছে, এই সময় বেকার ইন্স্যুরেন্স ট্রাস্ট ফান্ডের ঋণ পরিশোধ করে দেওয়ার ফলে কর্মী এবং ব্যবসাগুলি স্বস্তির নিঃশ্বাস ফেলতে পারছে এবং চাকরিদাতা ও কর্মী উভয়ের পকেটে সত্যিকারের অর্থ ফেরত দেওয়া যাচ্ছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "ব্যবসা, এবং বিশেষ করে ছোট ব্যবসাগুলি নিউ ইয়র্কের অর্থনীতির মেরুদণ্ড এবং তারা যাতে নিউ ইয়র্কে (New York) সমৃদ্ধি করে যেতে পারে তা নিশ্চিত করার জন্য আমরা প্রতিশ্রুতিবদ্ধ।"

কোভিড-19 মহামারীর আগে, UI ট্রাস্ট ফান্ডে প্রায় 2.5 বিলিয়ন মার্কিন ডলার পজিটিভ ব্যালেন্স ছিলো। তবে, মহামারীর কারণে অর্থনীতির যে পতন হয়েছে তার কারণে সেই ব্যালেন্স নিউ ইয়র্কবাসীদের দেওয়া হয়েছিলো, যোগ্য দাবি পরিশোধ করতে থাকার জন্য স্টেটকে ফেডারেল সরকারের কাছ থেকে ধার নিতে হয়েছিলো। বকেয়া পরিশোধ করে দেওয়া এবং ফান্ডকে সচ্ছল করার ফলে স্টেট বেকার নিউ ইয়র্কবাসীদের জন্য সর্বোচ্চ UI বেনিফিটের হার বাড়াতে পারবে যাতে করে তা অন্য স্টেটগুলির সাথে আরো ভালোভাবে মানানসই হয়। বেকার কর্মীদের জন্য

সর্বোচ্চ সাপ্তাহিক বেনিফিট, যা বকেয়ার কারণে আটকে ছিলো, তা অক্টোবর মাসে 504 মার্কিন ডলার থেকে বেড়ে 869 মার্কিন ডলার হবে।

বকেয়া পরিশোধ করে দেওয়ার মাধ্যমে স্টেট এছাড়াও ব্যবসার মালিকদের পকেটে অর্থ ফেরত দিচ্ছে, যাদের অবদানের হার বকেয়া পরিশোধ করার সময়ে বেড়ে যাচ্ছিলো। চাকরিদাতারা 2026 সালে প্রতি কর্মীর জন্য গড়ে 100 মার্কিন ডলার এবং 2027 সালে প্রতি কর্মীর জন্য গড়ে 250 মার্কিন ডলার সাশ্রয় করবে বলে অনুমান করা যাচ্ছে। পাশাপাশি, 2026 সালে ট্যাক্স যোগ্য বেতনের ভিত্তি বাড়বে, যা সময়ের সাথে ট্রাস্ট ফান্ডকে জোরদার করবে এবং নিউ ইয়র্কের চাকরিদাতাদের জন্য দীর্ঘমেয়াদে সাশ্রয়ী ট্যাক্সের হার বজায় রাখতে সাহায্য করবে।

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ লেবারের (Department of Labor) কমিশনার Roberta Reardon (রবার্টা রিয়ারডন) বলেন, "নিউ ইয়র্কের বেকার ইন্স্যুরেন্স ট্রাস্ট ফান্ডের বকেয়া পরিশোধ করে দেওয়া হলো ব্যবসা এবং কর্মী উভয়ের জন্য একটি জয়। এই পদক্ষেপের মাধ্যমে গভর্নর Hochul (হোকল) নিশ্চিত করছেন যাতে ব্যবসাগুলির জন্য একটি বিলের চিন্তা কম হয়, এবং যাতে কর্মীদের কাছে সঙ্কটের সময়ে নিজেদের পরিবারকে সমর্থন করার একটি সেফটি নেট থাকে। নিউ ইয়র্ক যাতে বাস করা, কাজ করা, এবং পরিবার বড় করার জন্য আরো সাশ্রয়ী স্থান হতে পারে তা নিশ্চিত করতে আরেকটি পদক্ষেপ নেওয়ার জন্য আমি গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেট AFL-CIO-এর প্রেসিডেন্ট Mario Cilento (মারিও সিলেন্টো) বলেন, "সর্বোচ্চ বেকার ইন্স্যুরেন্স বেনিফিট বাড়ানো এবং বেকার ট্রাস্ট ফান্ডের ঘাটতির সমাধান করা হলো প্রতিদিনের চাহিদা পূরণ করতে হিমশিম খাওয়া বেকার কর্মীদের সমর্থন করা এবং একই সাথে চাকরিদাতাদের রিলিফ দেওয়ার জন্য অতি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। বেনিফিট 70 শতাংশের বেশি বাড়িয়ে দেওয়ার ফলে নিজেদের কোনো ভুল ছাড়াই চাকরি না পাওয়া নিউ ইয়র্কবাসীদের উপর একটি উল্লেখযোগ্য এবং বাস্তব প্রভাব পড়বে। এটি তাদেরকে নিজেদের দায়িত্ব পালন করতে দিবে এবং আর্থিক ও ব্যক্তিগতভাবে কঠিন একটি সময়ে তাদের মানসিক শান্তি দিবে, বিশেষ করে যাদের পরিবার আছে তাদেরকে। আমরা শুধু এই লেজিস্লেশন না, বরং আরেকবার কর্মজীবী মানুষ এবং সকল নিউ ইয়র্কবাসীদের জীবনকে উন্নত করার জন্য পদক্ষেপ নেওয়ার জন্য গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাচ্ছি। আমরা এছাড়াও এই অতি প্রয়োজনীয় লেজিস্লেশন পাশ করাতে সিনেটের মেজোরিটি লিডার Stewart-Cousins (স্টুয়ার্ট-কাজিন্স), এবং স্পিকার Heastie-র (হিস্টি) বড় ভূমিকার জন্য তাদেরকে ধন্যবাদ জানাচ্ছি।"

Business Council of New York State, Inc.-এর প্রেসিডেন্ট এবং CEO, Heather Mulligan (হেদার মুলিগ্যান) বলেন, "UI বকেয়া দূর করা নিউ ইয়র্কের বেসরকারি খাতের চাকরিদাতাদের জন্য অতি গুরুত্বপূর্ণ ছিলো কারণ গত পাঁচ বছর ধরে এই পরিশোধ করার জন্য বাড়তি ট্যাক্স দিতে হয়েছে। নিউ ইয়র্ক স্টেটের সকল ব্যবসার পক্ষ থেকে আমরা ফান্ডের সচ্ছলতা নিশ্চিত করতে এবং অতি প্রয়োজনীয় রিলিফ দিতে অ্যাসেম্বলির নেতাদের সাথে কাজ করতে গভর্নর Hochul-এর প্রতিশ্রুতি এবং ইচ্ছার জন্য কৃতজ্ঞ।"

স্টেটের সিনেটর Patricia Fahy (প্যাট্রিশিয়া ফাহি) বলেন, "নিউ ইয়র্কের বেকার ইন্স্যুরেন্স বকেয়া পরিশোধ করে দেওয়ার মাধ্যমে আমরা হাজার হাজার ছোট ব্যবসার মালিকদের উপর

থেকে এই চাপ সরিয়ে নিচ্ছি যারা নিজেদের কোনো ভুল ছাড়াই অধিক খরচ করে যাচ্ছিলেন। ছোট ব্যবসাগুলি হলো আমাদের কমিউনিটির ভিত্তিপ্রস্তর, বিশেষ করে অ্যালবানি (Albany) থেকে আমস্টারডাম (Amsterdam) পর্যন্ত 46তম ডিস্ট্রিক্টে, এবং এটি একটি বার্তা দিচ্ছে যে তাদের ভবিষ্যতের সাফল্যের ব্যাপারে নিউ ইয়র্ক প্রতিশ্রুতিবদ্ধ। এই বছর এই রিলিফ দেওয়া এবং এটিকে অগ্রাধিকার দেওয়ার জন্য আমি স্টেটের সিনেটে আমার লেজিস্লেটিভ সহকর্মীদের, সিনেটের মেজোরিটি লিডার Andrea Stewart-Cousins (অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স), এবং গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাতে চাই।"

অ্যাসেম্বলির সদস্য Phil Steck (ফিল স্টেক) বলেন, "আমি অনেক খুশি যে গভর্নর Hochul (হোকল) এবং আইনসভা (Legislature) কোভিডের সময় বেকার বেনিফিটের বাড়তি খরচের জন্য ব্যবসার মালিকদের থেকে সারচার্জ নেওয়ার অন্যায় বুঝতে পেরেছেন এবং শুরু থেকেই যা করা উচিত ছিলো তা করেছেন, সাধারণ রেভিনিউ থেকে বেকার ইন্স্যুরেন্সের বকেয়া পরিশোধ করে দিয়েছেন। FY26-এর বাজেটে গ্রহণ করা এই পদক্ষেপটি প্রথম বছরে নিউ ইয়র্কের ব্যবসাগুলির গড়ে প্রতি কর্মচারীর জন্য 100 মার্কিন ডলার করে সাশ্রয় করবে এবং পুরো স্টেটের চাকরিদাতাদের উপর থেকে একটি উল্লেখযোগ্য ভার কমিয়ে দিবে।"

স্কেনেকট্যাডির (Schenectady) মেয়র Gary McCarthy (গ্যারি ম্যাকার্থি) বলেন, "ফেডারেল বেকার ইন্স্যুরেন্স ট্রাস্ট ফান্ডের ঋণ পরিশোধ করে দিতে গভর্নর Hochul-এর (হোকল) সিদ্ধান্ত একটি বুদ্ধিমান পদক্ষেপ যা কর্মী এবং ব্যবসা সকলের সুবিধার জন্য কাজ করে। এটি সিস্টেমের স্থিতিশীলতাকে পুনঃস্থাপন করে, চাকরিদাতাদের জন্য সারচার্জের খরচ দূর করে, এবং নিশ্চিত করে যাতে বেকার নিউ ইয়র্কবাসীদের যখন সবথেকে বেশি প্রয়োজন তখন তাদের কাছে আরো জোর সমর্থন থাকবে। এটি এমন ধরণের পদক্ষেপ যা আমাদের কমিউনিটিকে জোরদার করে এবং দীর্ঘমেয়াদি অর্থনৈতিক স্থিতিশীলতা গঠন করে।"

স্কেনেকট্যাডি কাউন্টি আইনসভার প্রধান Gary Hughes (গ্যারি হিউজ) বলেন, "স্কেনেকট্যাডি কাউন্টি এবং পুরো স্টেটের জন্য এটি একটি স্বাগত জানানোর মতো খবর। UI ট্রাস্ট ফান্ডের বকেয়া পরিশোধ করে দেওয়ার মাধ্যমে গভর্নর Hochul (হোকল) চাকরিদাতাদের জন্য বাস্তব রিলিফ দিচ্ছেন, খরচ কমাতে, চাকরির বিকাশ সমর্থন করতে, এবং আমাদের স্থানীয় অর্থনীতিকে জোরদার করতে সাহায্য করছেন। নিউ ইয়র্ককে ব্যবসা করার জন্য আরো সাশ্রয়ী স্থান করতে গভর্নরের নেতৃত্ব ও প্রতিশ্রুতির জন্য আমরা কৃতজ্ঞ।"

National Federation of Independent Business (NFIB)-এর নিউ ইয়র্ক স্টেটের ডিরেক্টর Ashley Ranslow (অ্যাশলি র্যানস্লো) বলেন, "গত চার বছর ধরে নিউ ইয়র্কের ছোট ব্যবসাগুলি স্টেটের ফেডারেল বেকার ইন্স্যুরেন্স বকেয়া পরিশোধ করার জন্য বেশি ট্যাক্স এবং সারচার্জের মাধ্যমে 5 বিলিয়ন মার্কিন ডলারের বেশি পরিশোধ করেছে। গভর্নর Hochul (হোকল) এবং আইনসভার কারণে, ছোট ব্যবসাগুলিকে এখন আর মহামারীর কারণে হওয়া এই অপ্রয়োজনীয় আর্থিক চাপ বহন করতে হবে না। ছোট ব্যবসাগুলি যখন দাম বাড়তে থাকার সাথে প্রতিযোগিতা করতে হচ্ছে এমন সময়ে এই রিলিফ Main Street-কে সচল রাখতে, আমাদের অর্থনীতিকে শক্তি দিতে, চাকরি তৈরি করতে, এবং আমাদের স্থানীয় কমিউনিটিকে সমর্থন করতে সাহায্য করবে।"

Capital Region Chamber, এবং Center for Economic Growth (CEG)-এর প্রেসিডেন্ট এবং CEO Mark Eagan (মার্ক ইগান) বলেন, "7 বিলিয়ন মার্কিন ডলারের আউটস্ট্যান্ডিং ফেডারেল বেকার ইন্স্যুরেন্স ট্রাস্ট ফান্ডের ঋণ পরিশোধ করে দেওয়া হলো বড় ও ছোট সকল ব্যবসার জন্য একটি বড় জয়। এই ঋণ পরিশোধ করে দেওয়ার মাধ্যমে UI প্রোগ্রামের আর্থিক স্থিতিশীলতা ফেরত আসবে, এবং চাকরিদাতাদের আর অপেক্ষাকৃত বেশি UI ট্যাক্সের ভার বহন করতে হবে না। চূড়ান্ত বাজেটে এই আউটস্ট্যান্ডিং বকেয়ার সমাধান করার জন্য আমরা গভর্নর Hochul (হোকল) এবং স্টেটের আইনসভার প্রতি কৃতজ্ঞ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন